| "শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি" |
|---|

উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ,সিলেট

**নভেম্বর / ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩২ তম সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব নাজিরা বেগম, চেয়ারম্যান ভারপ্রাপ্ত, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ৩০ নভেম্বর ২০২১ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব নাজিরা বেগম উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলী ঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী খাতওয়ারী স্কীমের খসড়া তালিকা তৈরি করা হয়েছে;<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, যথা সময়ে সুষ্টুভাবে পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত উন্নয়ন পরিকল্পনা অনুমোদন প্রয়োজন। খসড়া তালিকা অবলোকন করে চূড়ান্ত ভাবে অনুমোদনের ব্যবস্থা গ্রহনের জন্য তিনি পরিষদকে অনুরোধ করেন। | ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ২৯/১১/২০২১ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৪৭৩০ জন, মোট আক্রান্ত ঃ ১০৭৫ জন, মোট সুস্থ ১০৫১ জন, মোট মৃত্যু ২২ জন, বর্তমানে আইসোলেশন ০২ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ৮৫০৫৯ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ৪৪৩৫০ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৭২২০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৬৭০৭ জন। ১ম ডোজ ফাইজার টিকা প্রদান : ১৯৬৭ জন (কলেজ পর্যায়)। হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। তা ছাড়া করোনা পজিটিভ রোগীকে চিকিৎসা প্রদানসহ স্বাস্থ্যবিধি মেনে আইসোলেশন এ থাকার পরামর্শ প্রদান করা হয়। | কোভিড টিকা কমিটির সভা ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আয়োজন সহ বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) কর্মসূচীর আওতায় নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দ দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কাজের তালিকা প্রক্রিয়াধীন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদানকৃত ক শ্রেনীর ৫০ টি ঘর আগামী মাস থেকে কাজ শুরু করা হবে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) কর্মসূচীর আওতায় নগদ অর্থ/খাদ্যশস্য বরাদ্দকৃত উন্নয়নমূলক কাজের তালিকা দ্রুত বাস্তবায়নের এবং ঘর দ্রুত শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, অক্টোবর / ২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৯,১৮৬ জন, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,৩১৩ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৭.৯০%, গর্ভকালীন সেবা ৯৭৮ জন, প্রসব সেবা (এফডব্লিউসি) ৬২ জন, গর্ভোত্তর সেবা ২৯৩ জন, শিশু সেবা ৮২১ জন, সাধারন রোগী ২৭০৫ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ২১০ জন, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৭০ জন ছিল। আগামী ১৮-২৩ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত পরিবার কল্যান সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হবে। এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে " পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহন করি, বাল্য বিয়ে ও অনাকাঙ্খিত গর্ভধারন রোধ করি"। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | পরিবার পরিকল্পনা মাঠ পর্যায়ে আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রোপা আমন এর আবাদ ১১১৫০ হেঃ রোপা আমনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ১২৬৬৫ হেঃ রোপা আমন আবাদ করা হয়েছে। ধানের কর্তন চলমান রয়েছে আজ পর্যন্ত ৩০% ধান কর্তন করা হয়েছে। আবাদকৃত জাতের মধ্যে স্বল্প জীবন কালের জাতের ব্যাপক সম্প্রসারন করা হয়েছে যে জাত গুলো কার্তিক মাসে কর্তন শুরু হয়েছে ফলে অন্যান্য রবি শস্য আবাদ শুরু হয়েছে। চলতি বোরো মৌসুম পর্যন্ত সার ও বীজ এর মজুদ রয়েছে। বোরো বীজতলা স্থাপনের অগ্রগতি ৩২০ হেঃ। খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের মাধ্যমে কৃষি যন্ত্রপাতি ৭০% ভূতুকি মূল্যে বিতরনের লক্ষ্যে কৃষকদের নিকট হতে চাহিদা যাচাই এর জন্য তালিকা প্রণয়ন করা হচ্ছে। এই অর্থবছরে ৫ টি ধান কর্তন যন্ত্র খামার যান্ত্রিকীকরন প্রকল্পের মাধ্যমে বিতরন করা হয়েছে। নিরাপদ সবজি উৎপাদন এর জন্য নিরাপদ সবজি গ্রাম এর কার্যক্রম চলমান রয়েছে। এই বছর সীম রপ্তানী কার্যক্রম বৃদ্ধি করার জন্য জৈব কীটনাশক এর ব্যবহার বৃদ্ধি করা হবে। আগামী মাস থেকে সীম রপ্তানী শুরু হবে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | নিরাপদ সবজি ও কৃষি উৎপাদন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৬ | মৎস্য বিভাগ | উপজেলা সম্প্রসারন কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২১-জুন/২২ পর্যন্ত জাটকা সংরক্ষন চলমান থাকবে। মৎস্যচাষী পরামর্শ নভেম্বর/২১ পর্যন্ত ৮১ | মা ইলিশ সংরক্ষন অভিযান সঠিকভাবে | সি.উপজেলা মৎস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টি সম্পন্ন। লক্ষ্যমাত্রা ২১২ টি। ইউনিয়ন পর্যায়ে মাটি ও পানি পরীক্ষা লক্ষ্যমাত্রা ৬ টির মধ্যে নভেম্বর/২১ পর্যন্ত সম্পন্ন ১ টি। রাজস্ব ও প্রকল্পের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা (ভা:প্রা:) সভায় জানান যে, অত্র দপ্তরের গবাদি পশুর চিকিৎসা ঃ ১৮৩২ টি, হাঁস-মুরগী চিকিৎসা ঃ ৯৪৫৬ টি, গবাদি পশুর টিকা প্রদান ঃ ৩৪৬৪, হাঁস-মুরগির টিকা প্রদান ২৪৮০০ , কৃত্রিম প্রজনন ঃ ১০০ টি, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ০.৫ একর, উঠান বৈঠক আয়োজন ৫ টি । ভ্যাকসিনেশন ক্যাম্পেইনঃ ০৩ টি। ফ্রি ভেটেরিনারী ম্যাডিকেল টিমঃ ০১টি। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে। তাছাড়া বার্ষিক পরীক্ষার পরিবর্তে মূল্যায়নের মাধ্যমে পরবর্তী শ্রেণীতে উন্নীত করার জন্য সকল প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রত্যেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস/২০২১ উপলক্ষ্যে কর্মসূচী বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১ সনের এইচএসসি ও আলিম পর্যায়ের পরীক্ষার্থীদের মধ্যে কোভিড-১৯ প্রতিরোধে মাননীয় সরকার প্রদত্ত যুগান্তকারী পদক্ষেপের অংশ হিসেবে গোলাপগঞ্জ উপজেলার এইচএসসি পরীক্ষার্থী ১৮১৩ জন ও আলিম পরীক্ষার্থীদের ১৬৩ জনকে ফাইজার টিকা প্রদান করা হয়। ২ রা ডিসেম্বর থেকে এইচএসসি ও আলিম পরীক্ষা শুরু ০৩ টি কেন্দ্র ও ০৩ টি ভেন্যু সহ ১ টি মাদ্রাসা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা সুষ্ট ও সুন্দরভাবে অনুষ্টানের জন্য সবার সহযোগিতা কামনা করা হয়। গোলাপগঞ্জ উপজেলার মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসার (৬ষ্ট-১০ম) বিনা মূল্যে পাঠ্যপুস্তক কেন্দ্র থেকে উপজেলা পর্যায়ে আসা শুরু হয়েছে। প্রায় ৩০% পাঠ্যপুস্তক পৌছেছে। তবে গুদামে সংরক্ষনের স্বার্থে উপজেলায় অবস্থিত প্রমোটের অসম্পূর্ণ নির্মানাধীন ভবনের ২য় তলা ও নীচতলা মেরামত করা হলে সংরক্ষনের জন্য সুবিধা হয়। তাছাড়া শিক্ষা মন্ত্রণালয় এস্টাবলিশমেন্ট গোলাপগঞ্জ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ফেজ ২ শীর্ষক প্রকল্পের ভবন নির্মানের গুরুত্ব সংক্রান্ত বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় পত্র নং ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৮৯.১৯/২১৫ সংক্রান্ত পত্রটি উল্লেখ করা হয়। তাছাড়া ছাত্রীদের ফলিক আয়রন ট্যাবলেট প্রতিষ্টানে দেওয়া হয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে টিএসপি নলকুপ স্থাপন কাজ শেষ। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | সরকারি ও এনজিও কর্তৃক স্থাপিত নলকুপ গুলি পানি পানযোগ্য করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০২১-২২ চক্রের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়া সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে গোলাপগঞ্জ পৌরসভায় "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" বরাদ্দ প্রাপ্ত ৫০ জনের তালিকা অনুমোদন শেষে ৩০ অক্টোবর নির্ধারিত সময়ের মধ্যেই এম আই এস এ ডাটা এন্ট্রি করা সম্পন্ন হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক যুব কার্যক্রম সুষ্টুভাবে চলছে। বিভিন্ন ইউনিয়নে ০৭ দিন ব্যাপী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন চলছে। নির্বাচনী তফসিল ঘোষনা পূর্বে অনেক ইউপি চেয়ারম্যান মহোদয়রা প্রশিক্ষন উদ্ভোধনী অনুষ্টানে উপস্থিত ছিলেন। ঋণ বিতরন, আদায়, যুব সংগঠন রেজিষ্ট্রেশন এর কাজ নিয়মিত ভাবে চলছে। গত ১লা নভেম্বর জাতীয় যুব দিবসে সবার উপস্থিতিতে সুন্দর ও সাবলীল ভাবে অনুষ্টান পালিত হয়েছে। | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের সুবিধাভোগী বিশেষ করে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তির টাকা MFS এর মাধ্যমে G2P পদ্ধতিতে বিতরন করা হচ্ছে। ইতিমধ্যে ১ম কিস্তির টাকা তাদের মোবাইলে নগদ হিসাবে পাঠিয়ে দেয়া হয়েছে। অনেক সুবিধাভোগী টাকা তুলতে গিয়ে প্রতারনার শিকার হয়;বিশেষ করে সুবিধাভোগীদের পিনকোড জেনে টাকা হাতিয়ে নেয়। তাই সম্মানিত ইউপি চেয়ারম্যানগনদের জনসচেতনতা বৃদ্ধির জন্য সহযোগিতা কামনা করছি। তাছাড়া বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়ে "প্রান্তিক জনগোষ্টীর জীবনমান উন্নয়ন কর্মসূচী চলমান রয়েছে। তাই ১০ টি পেশা কামার, কুমার, নাপিত,বাঁশও বেতপন্য প্রস্তুতকারক, কাঁসা বা পিতল প্রস্তুতকারক,জুতা প্রস্তুতকারী, লোকজ যন্ত্রপাতি, নঁকশীকাথা শিল্প, শীতলপাটি, শতবঞ্জি এসব পেশার লোকদেরকে অতিদ্রুত উপজেলা সমাজসেবা কার্যালয়ে জরীপ কার্যক্রমে অংশগ্রহন করার জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণদের সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | সুবিধা ভোগীরা যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরাধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে ঋণ আদায় ৪৫.৫০ লক্ষ টাকা, ঋণ বিতরন ৪৪.৩৫ লক্ষ টাকা। ৪০ জন সমবায়ীকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। এ ছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য(২০২০-২১) সমিতি ১৩২, সম্পাদন-৫৪ টি, সম্পাদনের বাকী ৭৮ টি। নির্বাচন যোগ্য সমিতি (২০২১-২২) ১৮ টি,নির্বাচন অনুষ্টান ০৬ টি, অনুষ্টানের বাকী ১২ টি। সমিতি পরিদর্শন লক্ষ্যমাত্রা ৬০ টি, অর্জন ১৫ টি, বাকী ৪৫ টি। সমিতি নিবন্ধন (২০২১-২২) ০৬ টি। বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমের ধান সংগ্রহের কার্যক্রম শুরু হয়েছে। গোলাপগঞ্জ উপজেলায় ৬৩৫ মে.টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। ইতিমধ্যে ধান সংগ্রহের সব ধরনের প্রস্তুতি গ্রহন করা হয়েছে। গত বোরো মৌসুমের মতো এই বারেও ক্রয়মূল্য রাখা হয়েছে ২৭ টাকা প্রতি কেজি। নভেম্বর মাসের খাদ্য বান্ধব কর্মসূচির চাল সুষ্টুভাবে বিতরন শেষ হয়েছে। তাছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন এবং নির্ধারিত ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা | আগামী সভায় আবশ্যিক ভাবে উপস্থিত থেকে বন বিভাগের মাসিক প্রতিবেদন প্রেরন এবং বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোলাপগঞ্জ জানান যে, অত্র শাখায় নভেম্বর/২১ মাসে ঋন বিতরন হয় ৯৪.০০ লক্ষ টাকা এবং ক্রম পুঞ্জিত বিতরন ২৭০৯.৪৩ লক্ষ টাকা। অপরদিকে ঋন/আদায় চলতি মাসে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৯১.৭৯ লক্ষ টাকা এবং ক্রম পুঞ্জিত ঋন আদায় ১৫৫২.০৪ লক্ষ টাকা। তিনি আরও জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি মেয়াদোত্তীর্ন খেলাপী ঋণ আদায় কার্যক্রমে সহযোগিতা করার জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | সমন্বয়কারী সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান (সকল) |
| ২/১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, খানার আয় ব্যয় জরিপ পথ শিশুদের জরিপ এর জন্য পিএসও এর খানা তালিকা সম্পন্ন করা হয়েছে। মূল জরিপ হবে ফেব্রুয়ারী/২০২১। এছাড়া শিশু শ্রম জরিপ চলমান। আমন ধানের হিসাব প্রাক্কলনের জন্য নমুনা শস্য কর্তন হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | পরিসংখ্যান কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৩। নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | | জীপ গাড়ি মেরামত বাবদ মো: জাকির হোসেনের অনুকূলে ২৩৯০০/- চেক প্রদান চেকনং০৫২৪৬৫৯তাং৩/১০/২১। চেয়ারম্যান, উপজেলা পরিষদের অনুকূলে জুলাই/২১-সেপ্টেম্বর/২১ পর্যন্ত ২৫০০০/- চেক প্রদান চেক নং০৫২৪৬৬০ তাং৩/১০/২১। ফাহিমা বেগম, মালীর সেপ্টেম্বর/২১ মাসের মজুরী বাবদ১২১০০/-চেক প্রদান চেক নং০৫২৪৬৬১তাং৩/১০/২১। আব্দুল সোবহান, পরিচ্ছন্নতা কর্মীর সেপ্টেম্বর/২১মাসের মজুরী বাবদ১২১০০/-চে প্রদান চেক নং৩/১০/২১। সেপ্টেম্বর/২১মাসের আপ্যায়ন বিল বাবদ৩০,০০০/-চেক প্রদান চেক নং০৫২৪৬৬৩ তাং৬/১০/২১। সেপ্টেম্বর/২১মাসের আনুষঙ্গিক বিল বাবদ ৫০০০/ চেক প্রদান চেক নং০৫২৪৬৬৪তাং৬/১০/২১। মো: জাকির হোসেনের অনূকুলে জীপগাড়ির ব্যাটারী ক্রয়ের বিল বাবদ ১০৯৭০/- চেক প্রদান চেক নং ০৫২৪৬৬৫তাং১২/১০২১। আব্দুল কাদির, অফিস সহায়কের অনূকুলে আবাসিক কমপ্লেক্স এলাকার ঝোপঝাড় পরিস্কার বাবদ৩৫৪০০/-চেক প্রদানচেক নং০৫২৪৬৬৬তাং১২/১০/২১। জাকির হোসেন, জীপ গাড়ি চালকের অনুকূলে জুলাই/২১-সেপ্টেম্বর/২১ পর্যন্ত জ্বালানী খরচ বাবদ৪০৭৭৫/-চেক প্রদান, চেক নং০৫২৪৬৬৭তাং১২/১০/২১।১১ জন হিসাব সহকারীর জানু/২১-জুন/২১ পর্যন্ত ইউপি অংশের বেতন বাবদ ডিসি স্যারের অনূকুলে৩,১৯,৬০৫/-চেক প্রদান চেক নং০৫২৪৬৬৮ তাং২৫/১০/২১ | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব নাজিরা বেগম গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্ততের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজিরা বেগম
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১০১৮

তারিখ ঃ ৩০/১১/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, ---------------------------------- সিলেট।
০৬। উপজেলা --------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান-------------------------------------- ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/মাস্টার ফাই

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১
ইমেইলঃunogolapganj@mopa

পরিশিষ্ট ''ক '' সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান ভারপ্রাপ্ত, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র ভারপ্রাপ্ত, গোলাপগঞ্জ পৌরসভা | | |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান , ০১ নং বাঘা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০৩ | | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা.গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | | স্বাক্ষরিত |
| ৩২ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৫ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং-০২ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |